

ফায়নাল
২৫



চারুকলা বকুলতলায় বইপড়া কর্মসূচির পুরস্কার বিতরণী অনুষ্ঠানে শিক্ষার্থীরা। বক্তব্য রাখছেন অধ্যাপক আবদুল্লাহ আবু সায়ীদ

শত শত শিক্ষার্থীর স্লোগান 'আলোকিত মানুষ হব'

নিজস্ব বার্তা পরিবেশক

রাজধানীর বিভিন্ন স্কুলের ছাত্রছাত্রীর কলরবে মুখরিত হয়ে উঠেছিল গত শুক্রবার সকালে চারুকলা বকুলতলা। তাদের মুখে ছিল একটিই স্লোগান- 'আলোকিত মানুষ হব'। সেই স্লোগানের পথ ধরেই গত শুক্রবার বিশুসাহিত্য কেন্দ্রের বইপড়া কর্মসূচির পুরস্কার বিতরণী অনুষ্ঠানে অতিথিরা শিক্ষার্থীদের আলোকিত মানুষ হওয়ার আহ্বান জানালেন।

বিশুসাহিত্য কেন্দ্রের 'বইপড়া কর্মসূচি ২০০৭'-এ ঢাকা মহানগরীর ১০০ স্কুলের ২৫ হাজার ছাত্রছাত্রী অংশ নেয়। এসব ছাত্রছাত্রী যেনব মূল্যায়ন পর্বে কৃতিত্বের পরিচয় দিয়েছে তাদের পুরস্কৃত করার জন্য চারুকলা ইনস্টিটিউটের বকুলতলায় ১৬ ফেব্রুয়ারি সকাল থেকে শুরু হয়েছিল ২ দিনব্যাপী পুরস্কার বিতরণী উৎসবের। অনুষ্ঠানে মোট ৩০টি স্কুলের ১ হাজার ৮০০ ছাত্রছাত্রীর মাঝে পুরস্কার বিতরণ করা হয়। প্রতিটি স্কুল সঠিক থেকে দশম শ্রেণীর ছাত্রছাত্রীদের স্বাগত, শুভেচ্ছা, অভিনন্দন, বিসাকে শিরোনামের চারটি ক্যাটাগরিতে পুরস্কার প্রদান করা হয়। পুরস্কারকৃতদের

মাঝে ১ হাজার টাকা সমমূল্যের বই পুরস্কার হিসেবে দেয়া হয়।

গত শনিবার বিকেলে পুরস্কার বিতরণী অনুষ্ঠানের সমাপনী পর্ব অনুষ্ঠিত হয়। সমাপনী দিনে বিকেল ৩টা থেকে শুরু হওয়া এ উৎসবে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ও তত্ত্বাবধায়ক সরকারের সাবেক উপদেষ্টা অধ্যাপক জামিলুর রেজা চৌধুরী এবং রায়মন ম্যাগসেসে এওয়ার্ড বিজয়ী বিশিষ্ট সাংবাদিক মতিউর রহমান, বিশিষ্ট সাংবাদিক ও ডেইলি স্টারের সম্পাদক মাহফুজ আনাম, কথাসাহিত্যিক সেলিনা হোসেন এবং বিশুসাহিত্য কেন্দ্রের প্রতিষ্ঠাতা আবদুল্লাহ আবু সায়ীদ।

সমাপনী অনুষ্ঠানে অধ্যাপক আবদুল্লাহ আবু সায়ীদ বলেন, মানুষ খারাপ হয়ে জন্মায় না; পরিবেশের কারণেই মানুষ খারাপ হয়। বাংলাদেশকে একটি সফল রাষ্ট্র হিসেবে গড়ে তুলতে হলে পরিবেশের পরিবর্তন করতে হবে। আর ভাল পরিবেশের জন্য সর্বস্তরের মানুষকে আলোকিত মানুষ হিসেবে গড়ে তুলতে হবে। এবং আলোকিত মানুষ হিসেবে নিজেকে গড়তে প্রয়োজন যথেষ্ট পরিমানে বই পড়া। বই-ই পারে একজন মানুষকে

কলুষমুক্ত করে সফল মানুষ হিসেবে প্রতিষ্ঠিত করতে। তিনি বলেন, আজকের এ বইপ্রেমীদের ভিড় থেকে স্পষ্ট বোঝা যায় সব অন্ধকার দূর করে বাংলাদেশকে একটি সফল এবং স্বার্থক রাষ্ট্র হিসেবে পৃথিবীর মানচিত্রে স্থান করে দিতে আর খুব বেশি দূরে নেই।

অধ্যাপক জামিলুর রেজা চৌধুরী বলেন, বই মানুষের চিত্তের বিকাশ ঘটায় এবং মনকে প্রসারিত করে। আমরা যে সময় বড় হয়েছি, তখন আমাদের এভাবে বই পড়ার সুযোগ ছিল না। তিনি বিশুসাহিত্য কেন্দ্রের বইপড়া কর্মসূচির প্রশংসা করে বলেন, বর্তমানে আমাদের চারপাশে অন্ধকার বিরাজ করছে, সাহিত্য কেন্দ্রের এ বইপড়া কর্মসূচি অবশ্যই এ অন্ধকার থেকে জাতিকে মুক্ত করবে।

অনুষ্ঠানে উপস্থিত বক্তারা বলেন, বই মানুষকে সং এবং আদর্শবান মানুষ হিসেবে গড়ে তুলতে সহায়তা করে। বিশুসাহিত্য কেন্দ্রের বইপড়া কর্মসূচি সারাদেশে ছড়িয়ে পড়েছে। তারা বলেন, বিশুসাহিত্য কেন্দ্রের এই আলোকোজ্জ্বল সমাগম প্রমাণ করে বাংলাদেশের সূর্দিন কেটে গেছে। এসব বই পড়ুন! আলোকোজ্জ্বল মানুষই আগামী দিনের সুন্দর বাংলাদেশ গড়ে তুলবে।